দৈনিক বাংলা

0 065

তারিখ ২৯/১০/৮৪
পৃষ্ঠা ১ কলাম ৪

## অনার্স পরীক্ষার সময় গোলযোগ সম্পর্কে ঢাকা ভার্সিটি কর্তৃপক্ষ

গত ২৫শে অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৯৮৩ সালের সনাতন অনার্স পরীক্ষায় সৃষ্ট গোলযোগের আনুপূর্বিক ব্যাখ্যা দিয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ব্যাপারে তাদের বক্তব্য দিয়েছেন।

বক্তব্যে বলা হয়ঃ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অত্যন্ত দুঃখের সাথে লক্ষ্য করেছেন যে, ঢাকা শহরের ৫টি কলেজের নামে প্রচা-

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## অনার্স পরীক্ষা

(১ম পৃঃ পর)

রিত কতিপয় কথিত পরীক্ষার্থী শনিবার এক সাংবাদিক সম্মেলনে পরীক্ষা বর্জন, বিক্ষোভ, ঘেরাও ও স্ব স্ব কলেজে পরীক্ষাকেন্দ্র ফিরিয়ে দেয়ার দাবীসহ এক কর্মসূচী ঘোষণা করেছে।

এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানাচ্ছেন যে, সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণ এবং সামগ্রিকভাবে শিক্ষার পরিবেশ উন্নত করার লক্ষ্যে ঢাকা শহরের বিভিন্ন কলেজের (যেসব কলেজে অনার্স ও মাস্টার ডিগ্রী কোর্স চালু আছে) অধ্যক্ষদের সঙ্গে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এক যৌথ বৈঠকে সিদ্ধান্ত গৃহীত হয় যে এ বছর অর্থাৎ ১৯৮৪ সাল থেকে এ সকল কলেজের অনার্স ও মাস্টার ডিগ্রী পরীক্ষা স্ব স্ব কলেজের পরিবর্তে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রে অনুষ্ঠিত হবে। এ সিদ্ধান্ত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটে অনুমোদিত হয়। এ ব্যাপারে সরকারকেও অবহিত করা হয়েছে। এ সিদ্ধান্ত অনুসারেই বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রে এসকল পরীক্ষা চলছে এবং পূর্ব নির্ধারিত সময়সূচী অনুযায়ী বিশ্ববিদ্যালয় কেন্দ্রে যথারীতি সকল পরীক্ষা অনুষ্ঠিত হতে থাকবে। শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থাদি রাখা হয়েছে।

দেশের সকল নাগরিক বিশেষ করে অভিভাবক ও শিক্ষানুরাগীদের কাছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ব্যাপারে সহযোগিতা কামনা করছেন। খবর প্রেস বিজ্ঞপ্তির।